গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
প্রশাসন/সংস্থাপন শাখা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০১৯' পালনের কর্মসুচি চুড়ান্তকরণ সংক্রান্ত শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় ০৫/০৮/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ফলো-আপ সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | এ.কে.এম.মিজানুর রহমান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৫/০৮/২০১৯ খ্রিঃ |
| সভার সময় | বেলা-৩.০০ ঘটিকা |
| স্থান | শ্রম অধিদপ্তরের সভা কক্ষ |
| উপস্থিতি | শ্রম অধিদপ্তরের সকল কর্মকর্তা কর্মচারী |

সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তাবিত কর্মসুচির ওপর আলোচনার সূত্রপাত করেন। সভপতি বলেন যে, শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি চুড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচীর সফল বাস্তবায়নের লক্ষে উক্ত সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ আমিনুল হক প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

| ক্র: নং | কর্মসূচী | নির্দেশনা | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | ১৫ই আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার শ্রম ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | ১৫ই আগষ্ট ২০১৯ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে শ্রম ভবনের নির্ধারিত স্থানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | সাধারণ শাখা, অত্র অধিদপ্তর। |
| ২। | ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | ১। সকাল ০৯.০০ ঘটিকায় ধানমন্ডিস্থ মেট্রো শপিং মল এর উত্তর-পশ্চিম কর্ণারে উপস্থিত হতে হবে এবং শ্রম অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী। |

| | | | |
|---|---|---|---|
| | | ২। (ক) জাতীয় শোক দিবস, ২০১৯-এ কালো ব্যাজ ধারণ করতে হবে।<br>(খ) জাতীয় শোক দিবস, ২০১৯-এ ১৮-২০ আগস্ট কালো ব্যাজ ধারণ করতে হবে। | অত্র অধিদপ্তরের সাধারণ শাখা কালো ব্যাজ সরবরাহ করবেন এবং শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী কালো ব্যাজ ধারণ করবেন। |
| | | ৩। জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পোষাক পরিধান করা। | শোক দিবসের র‌্যালীতে অংশগ্রহণের নিমিত্ত জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পোষাক পরিধান করতে হবে (পুরুষদের জন্য সাদা-কালো পাঞ্জাবি বা শার্ট প্যান্ট পরিধান এবং মেয়েদের জন্য সাদা কালো শাড়ী পরিধান করা।) |
| | | ৪। পুস্পস্তবক অর্পনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সাধারণ শাখা, অত্র অধিদপ্তর। |
| | | ৫। পুস্পস্তবক বহনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জনাব মো: জহিরুল হক, সহ: গবেষণা কর্মকর্তা<br>২। জনাব মো: মাসুদ আলম, পরিসংখ্যাণ সহকারী<br>৩। জনাব বিকাশ নাথ, প্রধান সহকারী শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা। |
| | | ৬। র‌্যালীর শোক ব্যানারটি বহন করার জন্য শ্রম অধিদপ্তরের ৪ জন কর্মচারীকে দায়িত্ব প্রদান করতে হবে। | ক) জনাব মো: ইমন হোসেন<br>খ) জনাব রুপন বড়ুয়া<br>গ) জনাব মো: সাজ্জাদ হোসেন এবং<br>ঘ) জনাব মো: কুদরত আলী অফিস সহায়ক, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়। |
| ৩। | ১৫ই আগষ্ট ২০১৯ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় জাতীয় শোক দিবসের দোয়া মাহফিল ও আলোচনা সভা। | ১৫ই আগষ্ট ২০১৯ তারিখ বেলা ৪.০০ ঘটিকায় জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | ১) শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী।<br>২) দোয়া মাহফিল পরিচালনার জন্য ইমাম সাহেবের উপস্থিতি নিশ্চিত করা (সাধারণ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনা পূর্বক ক) জনাব মোঃ আব্দুর রহমান, জনসংখ্যা ও পরিবরা কল্যাণ কর্মকর্তা এবং<br>খ) জনাব মো: আব্দুল বাতেন, ফটোকপি অপারেটর ইমাম সাহেবের উপস্থিতি নিশ্চিত করবেন)।<br>(৩) সাধারণ শাখা আলোচনা সভার আয়োজন ও আপ্যায়নের ব্যবস্থা করবেন। |
| ৪। | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর প্রামান্য চিত্র প্রদর্শনী। | আলোচনা সভা শুরু হওয়ার পূর্বে প্রামান্য চিত্র প্রদর্শন করা হবে। | আইসিটি শাখা ও প্রশিক্ষণ শাখা তথ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে প্রামান্য চিত্রের প্রদর্শনের আয়োজন করবেন।<br>এছাড়াও অতিরিক্ত মহাপরিচালক মহোদয় মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ পূর্বক মন্ত্রণালয়ের তৈরীকৃত ডকুমেন্টারী সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

| | | | |
|---|---|---|---|
| ৫। | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর রচনা প্রতিযোগীতার আয়োজন। | শ্রম অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের মধ্য হতে ৫ম শ্রেণী থেকে ৭ম শ্রেণী পর্যন্ত ছাত্র/ছাত্রী অধ্যয়নরত অংশগ্রহণে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে।<br>রচনার বিষয়বস্তুঃ "বঙ্গবন্ধুর ছাত্রজীবন" | ১) শ্রম অধিদপ্তরের এ বিষয়ে গঠিত কমিটি যাচাই বাছাই পূর্বক যথাসময়ে প্রতিযোগীতার ফলাফল দাখিল করবেন।<br>২) প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের মধ্যে পুরষ্কারের ব্যবস্থা করবে সাধারণ শাখা (বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক গ্রন্থ)। |
| ৬। | চিত্রাংকন প্রতিযোগিতা | শ্রম অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের মধ্য হতে ১ম শ্রেণী থেকে ৫ম এবং ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত অধ্যয়নরত ছাত্র/ছাত্রীর অংশগ্রহণে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করতে হবে।<br>চিত্রাংকনের বিষয়বস্তুঃ বঙ্গবন্ধুর বাংলাদেশ। | ১) শ্রম অধিদপ্তরের এ বিষয়ে গঠিত কমিটি যাচাই বাছাই পূর্বক যথাসময়ে প্রতিযোগীতার ফলাফল দাখিল করবেন।<br>২) প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের মধ্যে পুরষ্কারের ব্যবস্থা করবে সাধারণ শাখা (বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক গ্রন্থ)। |

১৫ই আগস্ট ২০১৯ জাতীয় শোক দিবসের দিনব্যাপী কার্যক্রমের আলোচিত্র গ্রহণ করবেন শিল্প সম্পর্ক শিক্ষায়তন টঙ্গী, গাজীপুরের অডিও ভিজ্যুয়াল অপারেটর এবং তিনি সকাল ৯:০০ ঘটিকার পূর্বে ধানমন্ডিস্থ মেট্রো শপিং মল এর উত্তর-পশ্চিম কর্ণারে ক্যামেরাসহ উপস্থিত থাকবেন।

০৩। সভাপতি জাতীয় শোক দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানান এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ.কে.এম.মিজানুর রহমান
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩১.২৩.০০১.০৫.৩৯১

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬
০৫ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর

২) পরিচালক, পরিচালক (ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষণ), শ্রম অধিদপ্তর

৩) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর

৪) পরিচালক, পরিচালক (মেডিকেল), শ্রম অধিদপ্তর

৫) পরিচালক , শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর ( আগামী ১৫ আগস্ট ২০১৯ খ্রিঃ তারিখে জাতীয় শোক দিবসের দিনব্যাপী কার্যক্রমের আলোচিত্র গ্রহণ করার নিমিত্ত উক্ত দিন সকাল ৯:০০ ঘটিকার পূর্বে ধানমন্ডিস্থ মেট্রো শপিং মল এর উত্তর-পশ্চিম কর্ণারে ক্যামেরাসহ শিল্প সম্পর্ক শিক্ষায়তন টঙ্গী, গাজীপুরের অডিও ভিজ্যুয়াল অপারেটরের উপস্থিতি নিশ্চিত করার অনুরোধসহ ।)

৬) উপ-পরিচালক, উপ-পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর
৭) উপপরিচালক, উপ-পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান), শ্রম অধিদপ্তর
৮) উপপরিচালক, উপ-পরিচালক (সালিশী ও প্রশিক্ষণ শাখা), শ্রম অধিদপ্তর
৯) উপপরিচালক , উপ-পরিচালক (হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
১০) উপপরিচালক, উপ-পরিচালক (শ্রম কল্যাণ ও বিনোদন), শ্রম অধিদপ্তর
১১) উপ পরিচালক (শুদ্ধাচার ও বিবিধ), সালিশী শাখা, শ্রম অধিদপ্তর
১২) সহকারী পরিচালক, ট্রেড ইউনিয়ন শাখা, শ্রম অধিদপ্তর
১৩) সহকারী পরিচালক , প্রশিক্ষণ শাখা , শ্রম অধিদপ্তর
১৪) সহকারী পরিচালক, ট্রেড ইউনিয়ন শাখা, শ্রম অধিদপ্তর
১৫) সহকারী পরিচালক, প্রশাসন/সংস্থাপন শাখা, শ্রম অধিদপ্তর
১৬) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর
১৭) সহকারী পরিচালক , সালিশী শাখা, শ্রম অধিদপ্তর
১৮) প্রধান সহকারী , প্রশাসন/সংস্থাপন শাখা, শ্রম অধিদপ্তর
১৯) প্রধান সহকারী, ট্রেড ইউনিয়ন শাখা, শ্রম অধিদপ্তর
২০) প্রধান সহকারী/ হিসাব রক্ষক , হিসাব শাখা, শ্রম অধিদপ্তর
২১) উচ্চমান সহকারী , সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর
২২) প্রধান সহকারী , উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা, শ্রম অধিদপ্তর
২৩) উচ্চমান সহকারী, প্রশিক্ষণ শাখা , শ্রম অধিদপ্তর
২৪) প্রধান সহকারী , সালিশী শাখা, শ্রম অধিদপ্তর
২৫) ভান্ডার কর্মকর্তা, চিকিৎসা পরিবার পরিকল্পনা শাখা, শ্রম অধিদপ্তর
২৬) উচ্চমান সহকারী , শ্রম কল্যাণ ও বিনোদন শাখা , শ্রম অধিদপ্তর
২৭) পরিসংখ্যান সহকারী, শ্রম কল্যাণ ও বিনোদন শাখা , শ্রম অধিদপ্তর
২৮) অফিস কপি

মোহাম্মদ আমিনুল হক
পরিচালক